

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৪১

১৬/ শপথ ও মানতের বিবরণ (كتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ ২৭১. ইসলাম ব্যতীত অন্য কোন মাযহাব গ্রহণ করার জন্য কসম খাওয়া।

بَابٌ مَا جَاءَ فِي الْحَلْفِ بِالْبَرَاءَةِ وَبِمِلَّةٍ غَيْرِ الإِسْلَامِ

আরবী

حَدَّثَنَا أَبُو تَوْيَةَ الرَّبِيعُ بْنُ نَافِعٍ، حَدَّثَنَا مُعاوِيَةُ بْنُ سَلَامٍ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، قَالَ أَخْبَرَنِي أَبُو قِلَّبَةَ، أَنَّ ثَابِتَ بْنَ الضَّحَّاكِ، أَخْبَرَهُ أَنَّهُ، بَأْيَعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَحْتَ الشَّجَرَةِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " مَنْ حَلَفَ بِمِلَّةٍ غَيْرِ مِلَّةِ الإِسْلَامِ كَانِبًا فَهُوَ كَمَا قَالَ وَمَنْ قَتَلَ نَفْسَهُ بِشَيْءٍ عُذِّبَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ وَلَيْسَ عَلَى رَجُلٍ إِنْذَرْ فِيمَا لَا يَمْلِكُهُ " .

বাংলা

৩২৪১. আবু তাওবা রাবী ইবন নাফি (রহঃ) ..... ছাবিত ইবন যাহহাক (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুন্নাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট (রিদওয়ান) বৃক্ষের নীচে বায়'আত গ্রহণ করেছিলেন। তখন রাসূলুন্নাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেনঃ যে কেউ ইসলাম ব্যতীত অন্য কোন মাযহাবে (ধর্মে) দাখিল হওয়ার জন্য মিথ্যা কসম করবে, তবে সে ঐরূপ হবে, যেরূপ সে বলবে। আর যে ব্যক্তি নিজেকে কোন কিছুর দ্বারা হত্যা করবে, কিয়ামতের দিন তাকে সে বস্তুর দ্বারা আঘাব দেওয়া হবে। আর কোন ব্যক্তির জন্য এরূপ মানত করা উচিত নয়, যার সে মালিক নয়।

## English

Narrated Thabit bin Adh-Dahhak:

That he took oath of allegiance to the Messenger of Allah (ﷺ) under the tree. The Messenger of Allah (ﷺ) said: If anyone swears by religion other than Islam falsely, he is like what has has said. If anyone kills himself with something, he will be punished with it on the Day of Resurrection. A vow over which a man has no control is not binding on him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35348>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন